

## 📃 হুদ | Hud | هُود

আয়াতঃ ১১:১০

## 💵 আরবি মূল আয়াত:

وَ لَئِن اَذَقنهُ نَعمآءَ بَعدَ ضَرَّآءَ مَسَّتهُ لَيَقُولَنَّ ذَهَبَ السَّيِّاتُ عَنِّى ۚ النَّيِّاتُ عَنِّى اللَّهِ لَفَرِحٌ فَخُورٌ ﴿١٠﴾

## 

আর দুঃখ-দুর্দশা স্পর্শ করার পর যদি আমি তাকে নিআমত আস্বাদন করাই, তাহলে সে অবশ্যই বলবে, 'আমার থেকে বিপদ-আপদ দূর হয়ে গেছে, আর সে হবে অতি উৎফুল্ল, অহঙ্কারী। — আল-বায়ান আর যদি তার উপরে আসা দুঃখ কস্টের পর তাকে নি'মাতের স্বাদ আস্বাদন করাই, তখন সে অবশ্য অবশ্যই বলবে, 'আমার দূরবস্থা কেটে গেছে'। তখন সে আনন্দে উৎফুল্ল হয়, হয়ে পড়ে অহঙ্কারী। — তাইসিরুল আর তাকে বিপদ-আপদ স্পর্শ করার পর আমি যদি তাকে নি'আমাতের স্বাদ গ্রহণ করাই তখন সে বলতে শুরু

করেঃ আমার সব দুঃখ কষ্ট দূর হয়ে গেল। (আর) সে গর্ব করতে থাকে, আত্মপ্রশংসা করতে থাকে। — মুজিবুর রহমান

But if We give him a taste of favor after hardship has touched him, he will surely say, "Bad times have left me." Indeed, he is exultant and boastful - - Sahih International

১০. আর যদি দুঃখ-দৈন্য স্পর্শ করার পর আমরা তাকে সুখ আস্বাদন করাই তখন সে অবশ্যই বলবে, আমার বিপদ-আপদ কেটে গেছে, আর সে তো হয় উৎফুল্ল ও অহংকারী।

তাফসীরে জাকারিয়া

- (১০) আর যদি তার উপর আপতিত কোন কস্টের পর তাকে কোন নিয়ামত আস্বাদন করাই, তাহলে সে বলতে শুরু করে, 'আমার সব দুঃখ-কষ্ট দূর হয়ে গেল'; [1] (আর তখন) সে উৎফুল্ল অহংকারী হয়ে যায়।
  - [1] অর্থাৎ, ভাবে যে আমার কস্টের সময় অতিবাহিত হয়ে গেছে। আমার আর কোন কষ্ট আসবে না।
  - [2] অর্থাৎ, তার নিকট যা কিছু থাকে, তা নিয়ে আনন্দে আত্মহারা হয়ে যায় এবং অন্যদের উপর অহংকার করে।





অবশ্য এই মন্দ গুণ থেকে মু'মিন ও সৎকর্মশীলগণ স্বতন্ত্র, যেমন পরের আয়াতে এই কথা পরিষ্কার বুঝা যায়।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=1483

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন